



...

প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব (এসএ) শাখা

জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির আগস্ট, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	এম. কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	২৫ আগস্ট, ২০১৯
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-“ক”

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর বিগত ২৮-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

ভূমিহীন পরিবারকে নিষ্কটক কৃষি খাসজমি বন্দোবস্ত কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয়। বিগত ১৯ আগস্ট, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত নির্দেশনাবলী পাঠ করা হয়। তাছাড়াও ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি প্রদান করার ক্ষেত্রে প্রস্তাবিত ভূমি নিষ্কটক আছে কিনা এবং আবেদনকারীগণ প্রকৃত ভূমিহীন কিনা উপজেলা হতে প্রস্তাব প্রেরণের পূর্বে সে বিষয়টি লক্ষ্য রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়।

আলোচনা :

প্রতি অর্থ বছরে প্রতিটি উপজেলায় ৪৮টি প্রকৃত ভূমিহীন পরিবারকে নিষ্কটক কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত রয়েছে। সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক উপজেলা হতে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রস্তাব বিদ্যমান নীতিমালা মোতাবেক প্রেরণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। আলোচ্য মাসে কৃষি খাসজমি বন্দোবস্ত মামলার প্রস্তাব কোন উপজেলা হতে পাওয়া যায়নি। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ :

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	প্রত্যেক উপজেলার প্রত্যেকটি মৌজার আর.এস ও এস.এ রেকর্ড যাচাইপূর্বক যে সকল খাসজমি ব্যক্তি মালিকানায় রেকর্ড হয়েছে, সে সকল খাসজমি উদ্ধারে স্বত্ব মোকদ্দমা দায়ের করতে হবে এবং আগামী সভার পূর্বে এ কার্যালয়কে অবহিত করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), সিলেট
২	যে সকল মৌজার চূড়ান্ত রেকর্ড প্রকাশিত হয়নি এবং খাসজমি ব্যক্তি নামে খসড়া রেকর্ড হয়েছে সে সকল ক্ষেত্রে প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ৪২(ক) ধারামতে জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট এর নিকট মামলা দায়ের করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি) (সকল), সিলেট
৩	সহকারী কমিশনার (ভূমি) 'র তত্ত্বাবধানে কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ১ নম্বর খাস খতিয়ানের সমস্ত দাগগুলো মৌজা ম্যাপে চিহ্নিত করবেন। অতঃপর জমিগুলো সরেজমিন চিহ্নিত করবেন। সরেজমিন চিহ্নিতকরণের পর বেদখলকৃত খাসজমি উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট ২। সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট

৪	সরকারি খাস জমি যাতে বেহাত/বেদখল না হয় সে বিষয়ে সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) সরেজমিনে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট ২। সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
৫	খাসজমি বেদখল হলে তা অবৈধ দখলমুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট ২। সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
৬	কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা ১৯৯৭ মোতাবেক ভূমিহীন বাছাই করে প্রস্তাব প্রেরণ করতে হবে	১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট ২। সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম. কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৮.৬৬.০০২.১৯.৪৬২

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৬

১২ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ২) সচিব, ভূমি মন্ত্রণালয়
- ৩) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড
- ৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৫) পুলিশ সুপার, সিলেট
- ৬) জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট
- ৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৮) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট জেলা
- ৯) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
- ১১) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
- ১২) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
- ১৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১৪) জনাব,



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক